



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপত্র (৫ম খন্ড)/২০১৯/২৩৮

তারিখঃ

১১ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৬৩ তম কমিশন সভা অদ্য ২৪/০২/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :-

০১. কমিশন অদ্যকার সভায়, Bengal Investments Limited, CAPM Advisory Limited এবং PLFS Investments Limited (Merchant Bankers) কর্তৃক বিধিমালা লঙ্ঘনের জন্য IPO কোটা সুবিধা বন্ধ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও প্রতিষ্ঠানসমূহ ৩০ জুন, ২০২১ ইং তারিখে মধ্যে মূলধন ঘাটতি পূরণে ব্যর্থ হলে তাদের মার্চেন্ট ব্যাংকার নিবন্ধন সনদ বাতিলের প্রক্রিয়া শুরু হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
০২. কমিশন অদ্যকার সভায়, Nexus Securities Limited (DSE TREC No. 218) কর্তৃক বিভিন্ন সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে ০২ (দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
০৩. কমিশন সভায় MTB Securities Limited (DSE TREC No. 197) কর্তৃক বিভিন্ন সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
০৪. কমিশন অদ্যকার সভায়, First Lead Securities Limited (FSTLD, CSE TREC NO-122) এর বিরুদ্ধে Mr. Sirajul Hoque & Ms. Nasima Begum and Dr. M A Ahad & Mrs. Ayesha Tasnim Ishita এর অভিযোগের ভিত্তিতে বিভিন্ন সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে Firstlead Securities Limited (CSE TREC No. 122) কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
০৫. কমিশন অদ্যকার সভায়, Sonali Life Insurance Limited এর আবেদনের প্রেক্ষিতে ও বিনিয়োগকারীর স্বার্থে চাঁদা গ্রহণের তারিখ মার্চ, ২০২১ এর পরিবর্তে মে, ২০২১ এ নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।

Ruam
2402-24
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র